২

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৩

বাংলা

সেমেস্টার : ৩ কোর্স : ১

বাংলা প্রবন্ধ

পূর্ণমান : ৪০

সময় : ৩ ঘণ্টা

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক — ১

১। 'বাঙ্গালা কবিতা বিষয়ক প্রবন্ধ' নামক পুস্তিকার ঐতিহাসিক গুরুত্ব আলোচনা করো। ১০

২। 'বাঙ্গালা কবিতা বিষয়ক প্রবন্ধ' পুস্তিকায় তুলনামূলক সাহিত্যচর্চায় রঙ্গলালের কৃতিত্ব বিচার করো। ১০

৩। একটি সাহিত্য পত্রিকা কেমন হবে তার একটি ধারণা বঙ্কিমচন্দ্র 'বঙ্গদর্শনের পত্র-সূচনা' প্রবন্ধে ব্যক্ত করেছেন। তুমি কি সেই অভিমতের সঙ্গে সহমত পোষণ করো? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ১০

একক — ২

৪। বিবেকানন্দের দৃষ্টিভঙ্গি অনুযায়ী প্রাচ্য ও পাশ্চাত্যের আহার এবং পানীয়ের তুলনামূলক বিচার করো। ১০

৫। ফরাসি সভ্যতা সম্পর্কে বিবেকানন্দের অভিমত কী ছিল? বিষয়টি পরিস্ফুট করো। ১০

৬। প্রমথ চৌধুরীর 'সাহিত্যে খেলা' প্রবন্ধটি রবীন্দ্রসাহিত্যের বাস্তবতা বিতর্কের সূত্রে লেখা। তবুও প্রবন্ধটি প্রমথ চৌধুরীর সাহিত্য ভাবনার একটি গুরুত্বপূর্ণ নিদর্শন। আলোচনা করো। ১০

একক — ৩

৭। 'আমি এরূপ কোনো তত্ত্বের সূত্র ধরিবার চেষ্টা করিব না, বরং ধারা যে সর্বত্রই এক নহে, তাহাতে স্পষ্টই বিচ্ছেদ আছে, — কবি-জীবনের পূর্বার্ধ ও শেষার্ধ সুস্পষ্ট ভেদ রেখায় বিভক্ত হইয়াছে — সেই কথাই বলিব।' রবীন্দ্রনাথের কবিপ্রতিভা সম্পর্কে প্রাবন্ধিকের অভিমত ব্যক্ত করো। ১০

৮। 'অনেকগুলি শর্ত পূরণ হ'লে তবে কতিপয় ব্যক্তির সমাবেশ হ'য়ে ওঠে সত্যিকার আড্ডা' — বুদ্ধদেব বসুর 'আড্ডা' রচনাটি অবলম্বনে এই শর্তগুলির পরিচয় দাও। ১০

৯। 'আমি এখন আছি তিরিশ আর চল্লিশের মাঝামাঝি জায়গায়' — 'উত্তরতিরিশ'-এ বুদ্ধদেব বসু এই বিশেষ বয়সকে যে অভিনব দৃষ্টিকোণ থেকে দেখেছেন তার পরিচয় দাও। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি): ২X৫=১০

(ক) 'যথার্থ কবির চিহ্ন যথার্থ বর্ণন'

(খ) 'গীতের যে উদ্দেশ্য, যে কাব্যের সেই উদ্দেশ্য, তাহাই গীতিকাব্য'

(গ) 'পাশ্চাত্য দেশে লক্ষ্মী-সরস্বতীর এখন কৃপা একত্রে'

(ঘ) 'আনন্দ-মুক্তির প্রেরণা'

(ঙ) 'সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত'

(চ) 'এক হিশেবে ষোলো বছরের ছেলের মতো দুঃখী আর নেই'

—

## স্নাতকোত্তর পরীক্ষা ২০২৩

## বাংলা

## সেমেস্টার: ৩ কোর্স: ২

## রবীন্দ্রনাথ (কাব্য, নাটক, প্রবন্ধ)

সময়: ৩ ঘণ্টা — পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

### একক-১

১। "রবীন্দ্রনাথের 'বর্ষামঙ্গল' কবিতাটি ভারতীয় প্রাচীন বর্ষাচিত্রের একটি অপূর্ব গীতিকবিতা।"—আলোচনা করো। ১০

২।'বলাকা' শুধু গতিরাগেরই কাব্য নয়। 'গতি'-র সঙ্গে 'স্থিতি'-র সম্পর্কেরও কাব্যভাষ্য। —মন্তব্যটির যাথার্থ্য ব্যাখ্যা করো।১০

৩। 'ছেলেটা' কবিতায় রয়েছে এক সাধারণ গ্রাম্য বালকের কাহিনি। 'পুনশ্চ' কাব্যের বিষয় ও রূপের নিরিখে এই কবিতাটির যথার্থতা বুঝিয়ে দাও। ১০

### একক-২

৪। 'রক্তকরবী' নাটকে রামায়ণের বিভিন্ন চারিত্রিক অনুষঙ্গ কীভাবে নবায়িত হয়ে উঠেছে আলোচনা করো। ১০

৫। বিশুর জীবনে নন্দিনী দুটি ভিন্ন অর্থনৈতিক ও ভৌগোলিক অবস্থানে দু'ভাবে ফিরে এসেছে। বিষয়টির তাৎপর্য আলোচনা করো। ১০

৬। 'রক্তকরবী' নাটক অবলম্বনে 'যক্ষপুরী' নগরটির ভৌগোলিক-সাংস্কৃতিক-অর্থনৈতিক পরিবেশের পরিচয় দাও। ১০

### একক-৩

৭। 'বঙ্কিম বঙ্গভাষার ক্ষমতা ও বঙ্গসাহিত্যের সমৃদ্ধি বৃদ্ধি করিয়া দিয়াছেন;'— রবীন্দ্রনাথের 'বঙ্কিমচন্দ্র' প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটির তাৎপর্য বিচার করো। ১০

৮। 'সরস্বতী সম্বন্ধে সাধারণত পাঠকের মনে যেরূপ ধারণা আছে কবির সরস্বতী তাহা হইতে স্বতন্ত্র।'— আলোচনা করো।১০

৯। 'আজ পারের দিকে যাত্রা করেছি- পিছনের ঘাটে কী দেখে এলুম, কী রেখে এলুম, ইতিহাসের কী অকিঞ্চিৎকর উচ্ছিষ্ট সভ্যতাভিমানের পরিকীর্ণ ভগ্নস্তূপ!'— 'সভ্যতার সংকট' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি): ২X৫= ১০

ক) 'উড়ে যাক, দূরে যাক বিবর্ণ বিশীর্ণ জীর্ণ পাতা/বিপুল নিশ্বাসে।'

খ) প্রথম বিশ্বযুদ্ধ ও 'বলাকা'

গ) 'ঘরেতে এল না সে তো, মনে তার নিত্য আসাযাওয়া–'

ঘ) পুরাণবাগীশ

ঙ) 'সারদামঙ্গল'-'আর্যদর্শন'-'ভারতী' পত্রিকা

চ) 'স্বাজাত্যের অহমিকা থেকে মুক্তিদান করার শিক্ষাই আজকের দিনের প্রধান শিক্ষা।'

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৩

বাংলা

সেমেস্টার: ৩     কোর্স: ৩

রবীন্দ্রনাথ (উপন্যাস, ছোটোগল্প, চিঠিপত্র)

সময়: তিন ঘণ্টা                                                                                    পূর্ণমান: ৪০

প্রশ্নের মান ডান দিকে উল্লিখিত।

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রত্যেক একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

একক -১

১) 'গোরা' উপন্যাসে গোরার জন্মবৃত্তান্তের বিষয়টি কাহিনির একেবারে শেষে উদ্ঘাটিত হলেও রবীন্দ্রনাথ পাঠককে সেটা শুরুতেই জানিয়ে দেন। 'গোরা' উপন্যাস পাঠের ক্ষেত্রে পাঠক হিসেবে এই বিষয়টি তোমাকে কীভাবে প্রভাবিত করেছে, আলোচনা করো। ১০

২) "নদী 'গোরা' উপন্যাসের একটি পুনরাবৃত্ত প্রসঙ্গ – কখনো পটভূমি, কখনো চিত্রকল্প, কখনো বা বিশেষ ইঙ্গিতবহ রূপক হিসেবে।" – 'গোরা' উপন্যাসে নদীর বহুবিধ প্রসঙ্গগুলির গুরুত্ব বিশ্লেষণ করো। ১০

৩) 'গোরা' উপন্যাসে ঐতিহাসিক দেশ-কাল-পটভূমি কীভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে, তা প্রাসঙ্গিক উদাহরণসহ বিস্তারে আলোচনা করো। ১০

একক-২

৪) 'পয়লা নম্বর' ও 'ল্যাবরেটরি' এই দুই গল্প অবলম্বনে রবীন্দ্রনাথের নারী বিষয়ক ধারণার পরিচয় দাও। ১০

৫) 'হৈমন্তী' ও 'বোষ্টমী' গল্পের প্রকরণ বৈশিষ্ট্যের পরিচয় দাও। ১০

৬) 'সবুজ পত্র'-এ প্রকাশিত অন্ততপক্ষে তিনটি গল্প ধরে রবীন্দ্রনাথের পরবর্তী (Later)-পর্যায়ের গল্প বিষয়ে আলোচনা করো। ১০

একক-৩

৭) 'পথে ও পথের প্রান্তে' গ্রন্থে রবীন্দ্রনাথের চিত্রচর্চার যে 'নেশা'র পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো। ১০

৮) অমিয় চক্রবর্তীকে লেখা চিঠিতে কীভাবে রবীন্দ্রনাথের ব্যক্তিসত্তার উন্মোচন ঘটেছে, আলোচনা করো। ১০

৯) অমিয় চক্রবর্তীকে লেখা বিভিন্ন চিঠিতে বিশ্বভারতীর সমকালীন অবস্থা ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে যা জানা যায়, তা আলোচনা করো। ১০

টীকা লেখো (যে-কোনো দুটি): ২x৫ = ১০

ক. বাক্যের সৃষ্টির উপরে আমার সংশয় জন্মে গেছে।

খ. হলকর্ষণ

গ. নন্দ মিস্ত্রির মৃত্যু

ঘ. মিশনারির সঙ্গে গোরার বিবাদ

ঙ. ভিক্টোরীয় যুগের ফিলিস্টাইন

চ. ক্লোষাইটানিয়েঙ্গ।

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৩

বাংলা

সেমেস্টার : ৩ কোর্স : ৪

সাহিত্যতত্ত্ব, সাহিত্য আন্দোলন ও সমালোচনা পদ্ধতি

সময় : ৩ ঘণ্টা　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

১। ভারতীয় অলংকার শাস্ত্রের অনুসরণে রীতিবাদ সম্পর্কে আলোচনা করো। ১০

২। অনুকরণ সম্পর্কে অ্যারিস্টটলের বক্তব্য বিশদে আলোচনা করো। ১০

৩। ট্র্যাজেডির ষড়ঙ্গ বলতে অ্যারিস্টটল কী বুঝিয়েছেন, তা বিস্তারে পর্যালোচনা করো। ১০

একক - ২

৪। অশ্লীলতা বিতর্কে রবীন্দ্রনাথের যোগদানের পটভূমিকা বিশদে আলোচনা করো। এই বিতর্ক প্রসঙ্গে রবীন্দ্রনাথ যে প্রবন্ধগুলি লিখেছিলেন তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

৫। উনিশ ও বিশ শতকীয় আধুনিকতাকে রবীন্দ্রনাথ কীভাবে আলাদা করে নিতে চেয়েছেন, তা সংক্ষেপে বিবৃত করো। ১০

৬। বিশ শতকে অশ্লীলতা ও আধুনিকতার বিতর্কে রবীন্দ্রনন্দনতত্ত্বের সুন্দরের ধারণা কীভাবে ক্রিয়াশীল আলোচনা করো। ১০

একক - ৩

৭। পাশ্চাত্যে প্রতীকবাদী সাহিত্য আন্দোলনের সূচনা কখন হয়েছিল? এই আন্দোলনের কারণ কী? প্রতীকবাদী কবিদের আদর্শ কী ছিল? এই আন্দোলনের সঙ্গে যুক্ত কয়েকজন উল্লেখযোগ্য সাহিত্যিকের নাম লেখো। ২+২+৩+৩ =১০

৮। মার্ক্সীয় নন্দনতত্ত্বের আলোকে মার্ক্সীয় সাহিত্য সমালোচনার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১০

৯। 'রিডার-রেসপন্স' সমালোচনারীতির স্বাতন্ত্র্যের দিকগুলি উল্লেখ করো। 'রিডার-রেসপন্স' সমালোচনারীতির দৃষ্টান্ত হিসেবে পাঠক-রবীন্দ্রনাথ কীভাবে আমাদের সাহায্য করেন তা ব্যাখ্যা করো। ২ + ৮ = ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি) : ২x৫=১০

ক) অবিবক্ষিত বাচ্যধ্বনি

খ) ক্যাথারসিস

গ) রিয়ালিটির কারি-পাউডর

ঘ) আধুনিক ইংরেজি কাব্যসাহিত্যে আমার প্রবেশাধিকার অত্যন্ত বাধাগ্রস্ত

ঙ) সমাজতান্ত্রিক বাস্তবতা

চ) আর্কিটাইপ বা প্রত্নপ্রতিমা